

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপিটি অনুবিভাগ
সিপি-৩ শাখা

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. আবু শাহীন মো: আসাদুজ্জামান
: যুগ্মসচিব (সিপি ও চিফ ইনোভেশন অফিসার)
সভার তারিখ : ০৬/০৬/২০২১ খ্রি.,
সভার সময় : ২.৩০ টা
স্থান : যুগ্মসচিব (সিপি)-এর অফিস কক্ষ (ভবন নং-০৭, কক্ষ নং- ৪) জনপ্রশাসন মন্ত্রণালয়।
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতিতে সিপি-১ শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সভায় সদস্য সচিবের দায়িত্ব পালন করেন।

০২। সদস্য সচিব সভাকে অবহিত করেন যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ ইনোভেশন টিমের সভা ১০/০২/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছিল। চিফ ইনোভেশন কর্মকর্তা এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বদলি হওয়ায় উক্ত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করা সম্ভব হয়নি। ইনোভেশন টিমের বেশ কয়েকজন কর্মকর্তা বদলি হওয়ায় কমিটি পুনর্গঠন করা জরুরি প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়।

৩। সদস্য সচিব এ মন্ত্রণালয়ে এবং মাঠ প্রশাসনে চলমান ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি উল্লেখ করেন যে, মাঠ পর্যায়ে বাস্তবায়িত বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগের তালিকা চেয়ে বিভাগীয় কমিশনারগণকে পত্র প্রদান করা হয়েছে। শুধু রাজশাহী বিভাগের তালিকা পাওয়া গেছে। অন্যান্য বিভাগকে তালিকা প্রেরণের জন্য তাগিদ প্রদান করা হয়েছে। তিনি আরও উল্লেখ করেন, বিভাগীয় কমিশনার, রাজশাহীকে **Dynamic Project Supervision System (DPSS)** সফটওয়্যার প্রস্তুতের জন্য এ মন্ত্রণালয়ের ইনোভেশন তহবিল হতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা প্রদান করা হয়েছে। উক্ত সফটওয়্যার প্রস্তুতের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে। উক্ত সফটওয়্যারটি মাঠ পর্যায়ের প্রকল্প মনিটরিং এর কাজে সহায়ক হবে মর্মে আশা করা হচ্ছে। উক্ত সফটওয়্যারটির উপযোগীতা ও সম্ভাবনা যাচাই এবং এটি অন্যান্য বিভাগ/জেলায় বাস্তবায়ন করা যায় কিনা সে লক্ষ্যে একটি প্রদর্শনী/শোকেসিং আয়োজন করা যেতে পারে।

৪। সদস্য সচিব জানান ইনোভেশন টিমের সকল কর্মকর্তা উপস্থিত না থাকায় নির্ধারিত আলোচ্য সূচি সম্পর্কে পরবর্তী সভায় আলোচনা করা যেতে পারে। অন্যান্য সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন।

৫। শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

(ক) ইনোভেশন টিম পুনর্গঠন করার লক্ষ্যে প্রশাসন অনুবিভাগকে অনুরোধ করা হবে।

(খ) বিভাগীয় কমিশনার, রাজশাহী কর্তৃক প্রস্তুতকৃত Dynamic Project Supervision System (DPSS) সফটওয়্যার এর ওপর একটি প্রদর্শনী/শোকেসিং আয়োজন করা হবে।

৫। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

০৬/০৬/২০২১

ড. আবু শাহীন মো: আসাদুজ্জামান

যুগ্মসচিব (সিপি)

ও


চিফ ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৭.০৫.০০২.২০. ৫০

২৭ জ্যৈষ্ঠ ১৪২৮
তারিখ:-----
১০ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, সিআর-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ২) উপসচিব, সিপি-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) উপসচিব, প্রশাসন-৫ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) সিনিয়র সহকারী সচিব, প্রেষণ-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ইনোভেশন কর্ণারে আপলোডের অনুরোধসহ)
- ৬) অ্যাসাইনমেন্ট অফিসার, অনুবাদ উপকোষ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৭) যুগ্মসচিব (সিপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় [যুগ্মসচিব (সিপি) মহোদয়ের সদয় অবগতির জন্য];


১০.০৬.২০২১

ফেরদৌসী আখতার
উপসচিব